(৩)

দৈনিক ইনকিলাব

AUG. 05 2006
তারিখ ...
পৃষ্ঠা ... ১৪ কলাম ২ ...

### শিক্ষক সমিতির ক্লাস-পরীক্ষা বর্জনের প্রতিবাদ

# ইবিতে বিক্ষোভ

ইবি থেকে সংবাদদাতা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচীর বিরুদ্ধে ফুঁসে উঠেছে সাধারণ ছাত্র-ছাত্রীরা। গতকাল (বৃহস্পতিবার) অনির্দিষ্টকালের ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচীর ১৫তম দিনে সাধারণ ছাত্রঐক্য পরিষদের ব্যানারে ছাত্র-ছাত্রীরা অবিলম্বে ক্লাস-পরীক্ষা চালুর দাবীতে ক্যাম্পাসে মানববন্ধন, বিক্ষোভ-মিছিল ও বাস অবরোধ কর্মসূচী পালন করেছে। বিক্ষুব্ধ ছাত্ররা শিক্ষকদের গাড়ীও অবরোধ করে রাখে। আজ শনিবার সাধারণ ছাত্ররা বাস অবরোধ কর্মসূচী, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট স্মারকলিপি দেয়ার কর্মসূচী ঘোষণা করেছে। জানা যায়, গত ১৯ জুলাই নতুন ভিসি নিয়োগের দাবীতে শিক্ষক সমিতি অনির্দিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচী ঘোষণা করে। শিক্ষক সমিতির লাগাতার কর্মসূচীতে বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়ে। কোন বিভাগেই কোন ধরনের ক্লাস-পরীক্ষা হচ্ছে না। গত বৃহস্পতিবার অচলাবস্থার ১৫তম দিনে বিভিন্ন বিভাগের পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে এসে কোন ধরনের ক্লাস-পরীক্ষা না হওয়ায় ক্ষুব্ধ হয়ে ওঠে। সকাল সাড়ে এগারটায় তারা মেইন গেটে মানববন্ধন কর্মসূচী পালন করে। মানববন্ধন শেষে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা মেইন গেট বন্ধ করে দেয়। ফলে দুপুর ১২টায় শিক্ষক কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীদের বাস অবরুদ্ধ হয়ে পড়ে। ২ ঘন্টার বাস অবরোধ কর্মসূচী চলাকালে প্রক্টর প্রফেসর ড. আমীনুর রহমান ঘটনাস্থলে আসলে বিক্ষুব্ধ ছাত্রদের কাছে তিনি নাজেহাল হয়ে ফিরে যান। অবরোধ কর্মসূচী চলাকালে সাধারণ ছাত্রদের ব্যানারে শত শত ছাত্র-ছাত্রী দলমত নির্বিশেষে অবিলম্বে ক্লাস-পরীক্ষা চালুর দাবীতে বিক্ষোভ মিছিল করে। বিক্ষোভ মিছিলটি ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে ভিসি অফিসের সামনে সমাবেশ করে। আল কোরআন বিভাগের মাস্টার্সের ছাত্র আল মামুনের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেদী হাসান জসিম, আজমত হুসাইন, ওমর ফারুখ, আতিক প্রমুখ। বক্তারা শিক্ষক সমিতির ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচীর তীব্র সমালোচনা করেন। তারা অবিলম্বে ক্লাস-পরীক্ষা চালু ও ক্যাম্পাস সচলের দাবীতে সরকারের নিকট দাবী জানিয়েছেন। আজ শনিবারের মধ্যে ক্লাস-পরীক্ষা চালু না হলে শনিবার দুপুর ১২টা থেকে ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব ধরনের গাড়ী অবরোধ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট স্মারকলিপি দেয়ার কর্মসূচী ঘোষণা করেছে তারা। এ বিষয়ে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. শহীদ মোহাম্মদ রেজওয়ান বলেন, ছাত্র-ছাত্রীদের দাবীটা যেমন যৌক্তিক শিক্ষক সমিতির দাবীটাও তেমন যৌক্তিক। তিনি বলেন, সংকট নিরসন হতে পারে চ্যান্সেলর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার হস্তক্ষেপের মাধ্যমে। ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর ড. আনোয়ারুল করিম বলেন, ক্লাস-পরীক্ষার বিষয়টা শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হককে আমি বলেছি তিনি কোন সদুত্তর দেননি।